গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১.২১৭

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য সুপারিশকরণের লক্ষ্যে ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় ২য় ধাপে প্রার্থী নির্বাচনের ফলাফল প্রকাশ।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৩.১০১.১৯.২১ (অংশ-১).১৩৯ তারিখ: ২৬ মে, ২০২২ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে এমপিও এবং নন-এমপিও পদে শিক্ষক নিয়োগের জন্য ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশ প্রদানের পর যে সকল পদে কেউ যোগদান করেনি এবং পুলিশ ভেরিফিকেশনের জন্য ভিআর ফরম দাখিল করেনি এ সকল পদে ২য় মেধাধারীকে প্রাথমিক নির্বাচন করে ফলাফল প্রকাশ করা হয়েছে। ফলাফলের তথ্য এনটিআরসিএ'র ওয়েবসাইট (www.ntrca.gov.bd) এবং http://ngi.teletalk.com.bd লিংকে পাওয়া যাবে। এছাড়া নির্বাচিত প্রার্থী এবং প্রতিষ্ঠান প্রধানের নিকট এ সংক্রান্ত **SMS** সংশ্লিষ্ট মোবাইলে প্রেরণ করা হয়েছে।

২। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ০৪ (চার) কপি প্রাক চাকুরি জীবন বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম) (ভি-রোল) যথাযথভাবে পূরণ করে এনটিআরসিএ'র কার্যালয়ে সরাসরি/হাতে হাতে ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। নির্বাচিত প্রার্থীদের মধ্যে ইতঃপূর্বে ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় কেউ নিয়োগ সুপারিশ পেয়ে থাকলে তাদেরকে নিয়োগ সুপারিশপত্রের কপি দাখিল করতে হবে। এ সকল প্রার্থীর ক্ষেত্রে ভিআর ফরম দাখিলের প্রয়োজন হবে না। পুলিশ ভেরিফিকেশন (ভি-রোল) ফরম এনটিআরসিএ'র ওয়েবসাইট (www.ntrca.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। ভি-রোল ফরম জমা দেওয়ার সময় **খামের উপরে নিবন্ধন পরীক্ষার ব্যাচ, রোল নম্বর, নিজ জেলা এবং মোবাইল নম্বর** আবশ্যিকভাবে লিপিবদ্ধ করতে হবে।

০৫.০৬.2022 খ্রি

(এ বি এম শওকত ইকবাল শাহীন)
সদস্য (যুগ্মসচিব)
(শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ফোনঃ ৪১০৩০০৪৭